চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি - ১)

প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের সাথে পুষ্টিসেবা নিশ্চিত করতে হবে - মেয়র

চট্টগ্রাম-০৪ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের সাথে পুষ্টিসেবা নিশ্চিত করতে না পারলে সত্যিকার অর্থে স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সম্ভব নয়। বর্তমান লকডাউন পরিস্থিতির কারণে কর্মহীন দরিদ্র মানুষজন চরম দূর্দশার ভিতর দিয়ে দিন যাপন করছে, তারমধ্যে গর্ভবতী ও দুগ্ধদানকারী মায়েরা চরম পুষ্টিহীনতায় ভূগছে। এমন অবস্থায় চসিক 'ইউএনডিপি ও ইউকে-এইড' এর সহায়তায় পরিচালিত প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের মাধ্যমে নিরন্তর কাজ করে যাচ্ছে। এ কাজের ধারাবাহিকতা অব্যাহত থাকবে বলে জানান। ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডে জহুর আহম্মদ বিদ্যালয়ে গর্ভবতী মায়েদের জন্য একহাজার দিনের জরুরী পুষ্টিকর খাদ্য সহায়তা প্রদানকালে তিনি এ ঘোষণা দেন। প্রকল্পে নিবন্ধতি ২হাজার ৩শত ৭৪জন গর্ভবতী ও দুগ্ধদানকারী মায়েদেরকে প্রতিমাসে কেজি ভোজ্যতেল, ৩০টি ডিম ও ১কেজি ডাল বিতরণ করা হবে বলেও জানান। তিনি করোনাকালে বিশ্বস্বাস্থ্য সংস্থা ও সরকারি ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

এ সময় আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, কাউন্সিলর মো. মোবারক আলী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভীন জেসি, প্রকল্পের টাউন ম্যানেজার মো. সরোয়ার হোসেন খান, পুষ্টি বিশেষজ্ঞ মো. হানিফ, টাউন চেয়ারপার্সন কহিনুর আকতার ও জেল প্রশাসকের প্রতিনিধি আব্দুল লতিফ।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

আলকরণ ওয়ার্ডে ত্রাণ বিতরণ কর্মসূচীতে মেয়র

সুন্দর আগামী জীবনের জন্য প্রার্থনা করতে হবে

চট্টগ্রাম-০৪ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, পবিত্র রমজান মাস রহমতের মাস। গুনাহ মুক্তির মাস, আল্লাহ এই মাসে কোরান নাজিল করেছেন, পবিত্র মাস এবার করোনা ছোবল কবলিত হলেও ধর্মীয় ও মানবিক মাহাত্ম ম্লান হয়নি, বরং বেড়েছে। তাই রোজাদাররা এবার নিজের আত্মশুদ্ধির পাশাপাশি এবাদত-বন্দেগীতে করোনা ছোবল থেকে পরিত্রাণ এবং মঙ্গলময় স্বাভাবিক ও সুন্দর আগামী জীবনের জন্য প্রার্থনা করতে হবে। তিনি আজ মঙ্গলবার বিকেলে ৩১নং আলকরণ ওয়ার্ড আওয়ামী লীগের আয়োজনে সদরঘাট রাজ হোটেল চত্তরে ত্রাণ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এ কথা বলেন। আলকরণ ওয়ার্ডের ভারপ্রাপ্ত সভাপতি আলহাজ্ব আব্দুল মোতালেব এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, কাউন্সিলর আবদুস সালাম মাসুম, নীলু নাগ, মহানগর আওয়ামী লীগের বন ও পরিবেশ সম্পাদক মশিউর রহমান ও অন্যান্যদের মধ্যে ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. ইসহাক, ষ্টেশন রোড ইউনিটের সভাপতি আবদুর রহমান বাহার, আমীর আহমদ, রহুল আমিন, শফিউল আজম, শওকত ওসমান, পম্পি দাশ, নাসির উদ্দিন, সজীব তালুকদার, রফিকুল মান্নান প্রমুখ। মেয়র আরো বলেন আওয়ামী লীগ এবং আওয়ামী লীগের অঙ্গ-সংগঠন সমূহ দেশের যে কোন দুযোর্গ ও দূর্বিপাকে জনগণের পাশে ছিল এ করোনাকালেও পাশে থেকে জনগণের সুখ-দুঃখের সাথী হয়েছে।

(প্রেস বিজ্ঞপ্তি - ৩)

দুযোর্গকালে অসহায়দের
পাশে দাঁড়ানো ঈমানী দায়িত্ব

চট্টগ্রাম-০৪ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী ৫নং মোহরা ওয়ার্ড মিলনায়তনে ইফতার সামগ্রী বিতরণ করতে গিয়ে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে বলেছেন, রমজান মাস মুসলমানদের জন্য সিয়াম সাধনার মাস। করোনার মতো অতিমারী আমাদের স্বাভাবিক জীবনধারা থেকে এক অন্যরকম প্রতিকূল অবস্থার সম্মুখিন করেছে। সাধারণ খেটে খাওয়া শ্রমিক যারা দিনে আনে দিনে খায় তারা কর্মহীন হয়ে পড়েছে। এই কর্মহীন খেটে খাওয়া মানুষের পাশে দাঁড়াতে হবে। কারণ বিত্তবান, শিল্পপতি ও প্রতিষ্ঠিত ব্যবসায়ীদের অর্থবিত্তের বৈভব গড়ে উঠেছে শ্রমজীবী ও গরীব মানুষের শ্রম ও রক্ত-ঘামে। তাই ধনী ও বিত্তবানদের ভান্ডারে তাদের হক রয়েছে। এই বোধ থেকে দুযোর্গকালে তাদের পাশে দাঁড়ানো ঈমানী দায়িত্ব। তিনি আরো বলেন, এই এলাকায় আমার জন্ম ও বেড়ে ওঠা, তাই এই এলাকার উন্নয়নে আমার আলাদা অনুভূতি থাকতে পারে, এটাই স্বাভাবিক। আমি মোহরা এলাকার সমস্যাগুলোকে চিহ্নিত করে আগামীতে এই এলাকার জনগণের প্রত্যাশা পূরণের প্রচেষ্টা অব্যাহত রাখবো। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখতে গিয়ে মহানগর আওয়ামী লীগের কোষাধ্যক্ষ ও চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান আবদুস সালাম বলেন, মোহরা ওয়ার্ডে দীর্ঘদিন ক্ষমতার বাইরে থাকা দলগুলো থেকে কাউন্সিলর বা জনপ্রতিনিধি নির্বাচিত হওয়ার কারণে এলাকার উন্নয়ন যতটুকু হওয়ার কথা তা হয়ে উঠে নি। এবার কাউন্সিলর যেমন আমাদের দলের অন্যদিকে চসিক মেয়রও একই এলাকার। সে কারণে মোহরা এলাকার উন্নয়নের সকল প্রত্যাশা বাস্তবায়িত হবে।

এতে আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন ,ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব কাজী নুরুল আমিন, বিজিএমইএ'র প্রথম সহ-সভাপতি সৈয়দ নজরুল ইসলাম, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা আনোয়ার মির্জা, মো. ফারুক, হাসান মুরাদ চৌধুরী, ফয়সাল চৌধুরী, আহমেদুর রহমান মেম্বার, আলী রিয়াজ খান চৌধুরী, জসিম চৌধুরী, হাজী মনসুর, মো. ইসহাক, তসলিম উদ্দীন, অলিদ চৌধুরী প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি - ৪)

চসিকের ভ্রাম্যমান আদালত

মাস্ক বিহীন ঘরের বাইরে যাওয়ায়
৮ জনকে জরিমানা

চট্টগ্রাম-০৪ মে'২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীর শাহ আমানত ব্রীজ এলাকা, মেরিনার্স রোড, ফিরিঙ্গি বাজার, কাজী নজরুল ইসলাম রোড ও কোতোয়ালি মোড় এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। আদালত পরিচালনাকালে ম্যাজিস্ট্রেট করোনা ভাইরাস রোধে জনসাধারণকে মাস্ক পরাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সচেতন করেন এবং উপস্থিত জনসাধারণের মাঝে মাস্ক বিতরণ করেন। এসময় করোনা ভাইরাস রোধ সংক্রান্ত স্বাস্থ্যবিধি লংঙ্ঘন করে মাস্ক না পরে বাইরে বের হওয়ার দায়ে ৮ জন পথচারীর বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১ হাজার ৭ শত টাকা জরিমানা আদায় করা হয়। আদালত পরিচালনা করেন সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস। অভিযান পরিচালনাকালে ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন,মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩